

প্রকল্প পরিচালক এর দপ্তর

“বৃহত্তর ফরিদপুরের চরাঞ্চল এবং পার্শ্ববর্তী এলাকায় গবাদিপশুর জাত উন্নয়ন ও দুধের বহুমুখী ব্যবহার নিশ্চিতকরণ কারখানা স্থাপন” প্রকল্প
বাংলাদেশ দুধ উৎপাদনকারী সমন্বয় ইউনিয়ন লি: (মিল্কভিটা)



প্রধান কার্যালয় : দুধ ভবন

১৩৯-১৪০, তেজগাঁও শিল্প এলাকা-১২০৮

Web site : www.milkvita.org.bd, E-mail : faridpurproject18@gmail.com

স্মারক নং-মিই/পউজ/ফরিদ-৩০৪/জনবল/২০১৯/৯৮

তারিখ : ২৩ চৈত্র, ১৪২৫
০৪ এপ্রিল, ২০১৯

বিষয় : নিয়োগপত্র।

“বৃহত্তর ফরিদপুরের চরাঞ্চল এবং পার্শ্ববর্তী এলাকায় গবাদিপশুর জাত উন্নয়ন ও দুধের বহুমুখী ব্যবহার নিশ্চিতকরণ কারখানা স্থাপন” প্রকল্পের (১১তম-২০তম গ্রেড) জনবল নিয়োগ কমিটির সর্বসম্মত সিদ্ধান্তক্রমে তাকে বর্ণিত প্রকল্পে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নামের পার্শ্বে উল্লেখিত পদে ও বেতনে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে নিয়োগ প্রদান করা হল :

ক্র. নং	নাম, পিতার নাম ও মাতার নাম	স্থায়ী ঠিকানা	পদের নাম	সর্বসাকুল্য বেতন
১.	মোহাম্মদ দেলোয়ার হোসেন পিতা: মোহাম্মদ নূর হোসেন মাতা: মানুজা বেগম	গ্রাম : বিজয়পুর ডাকঘর/কোড : দুধমুখা-৩৯২১ উপজেলা : দাগনভূঞা জেলা : ফেনী।	এল এফ এ আই	১৫,৬৫০.০০ (১৬তম গ্রেড)
২.	মো: ইসতিয়াক আহমেদ পিতা: মো: আব্দুস সোবহান মাতা: মোছা: আমিনা খাতুন	গ্রাম : চেংটিয়া ডাকঘর/কোড : ধরইল হাট-৬৭৬২ উপজেলা : উল্লাপাড়া জেলা : সিরাজগঞ্জ।	এল এফ এ আই	১৫,৬৫০.০০ (১৬তম গ্রেড)
৩.	মো: মনিরুল ইসলাম পিতা: মো: আবুল কাশেম মাতা: ফাতেমা বেগম	গ্রাম : চরছকিনা ডাকঘর/কোড : লালমোহন-৮৩৩০ উপজেলা : লালমোহন জেলা : ভোলা।	এল এফ এ আই	১৫,৬৫০.০০ (১৬তম গ্রেড)

শর্তাবলী :

- এ নিয়োগ যোগদানের তারিখ হতে কার্যকর হবে;
- প্রকল্প সমাপ্তির পর স্বয়ংক্রিয়ভাবে পদ বিলুপ্ত হয়ে যাবে এবং চাকুরির অবসান ঘটবে;
- প্রকল্প চলাকালীন কোন বার্ষিক বেতন বৃদ্ধি (ইনক্রিমেন্ট) প্রদেয় হবে না;
- পেশাগত প্রশিক্ষণে (যদি থাকে) বাধ্যতামূলক অংশগ্রহণ করতে হবে;
- কর্তৃপক্ষের নির্দেশে প্রকল্প এলাকার যে কোন স্থানে দায়িত্ব পালনে সম্মত থাকতে হবে;
- অবাধ্যতা, কর্তব্যে চরম অবহেলা, অসদাচরণ ইত্যাদি কারণে কর্তৃপক্ষ একক সিদ্ধান্তে চাকুরীর অবসান ঘটাতে পারবে;
- কর্তৃপক্ষের পূর্বনুমতি ব্যতিরিক্ত কৰ্মস্থলে অনুপস্থিত থাকলে অনুপস্থিত কালের বেতন কর্তন করা হবে;
- দপ্তরের কোনরূপ গোপন তথ্যাদি ফাঁস করা কিংবা অন্য কোন সংস্থার নিকট হস্তান্তর করা, অসত্য তথ্য পরিবেশন, শিক্ষাগত যোগ্যতার/কোটা সংক্রান্ত সনদপত্র জালিয়াতি ইত্যাদি কারণে কোন প্রকার ক্ষতিপূরণ/কারণ দর্শানো ছাড়াই কর্তৃপক্ষ একক সিদ্ধান্তে চাকুরীর অবসান ঘটাতে পারবে;
- সরকারি/বেসরকারি দপ্তর/সংস্থায় কর্মরতদের যোগদানের সময় তাদের বর্তমান কর্মস্থলের নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট হতে ছাড়পত্র জমা দিতে হবে;
- যোগদানকালে জীবন বৃত্তান্ত, শিক্ষাগত যোগ্যতার সনদ ও সাম্প্রতিককালের পাসপোর্ট সাইজের সত্যায়িত ০৩ (তিন) কপি ছবি এবং স্ব-স্ব জেলার সিভিল সার্জনের নিকট হতে স্বাস্থ্যগত প্রত্যায়নপত্র দাখিল করতে হবে;
- যোগদানের সময়ে ০২ (দুই) প্রস্থ পুলিশ প্রত্যায়ন ফরম পূরণ করে প্রকল্প পরিচালক বরাবর দাখিল করতে হবে;
- পুলিশ ভেরিফিকেশন প্রতিবেদনে রাষ্ট্রদ্রোহিতা/নাশকতামূলক কাজের অভিযোগ/বিরূপ মন্তব্য থাকলে চাকুরীর অবসান ঘটানো যাবে;
- প্রথম যোগদানের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদেয় হবে না।

বর্ণিত শর্তে সম্মত থাকলে আপনাকে ১১/০৪/২০১৯ তারিখের মধ্যে প্রকল্প পরিচালক, “বৃহত্তর ফরিদপুরের চরাঞ্চল এবং পার্শ্ববর্তী এলাকায় গবাদিপশুর জাত উন্নয়ন ও দুধের বহুমুখী ব্যবহার নিশ্চিতকরণ কারখানা স্থাপন” প্রকল্প, ১৩৯-১৪০, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮ বরাবর যোগদান করতে বলা হলো।

(স্বাক্ষর)

স্বাক্ষরিত/-
ডা. মো. আব্দুল করিম
(যুগ্ম-সচিব) ও
প্রকল্প পরিচালক